ইরানের পারমাণবিক অস্ত্র থাকলে ইসরাইল টিকত না: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের কাছে পারমাণবিক অস্ত্র থাকলে ইসরাইল মাত্র কয়েক ঘণ্টাও টিকে থাকতে পারত না বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ কারণে ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর যুক্তরাষ্ট্রের প্রতি কৃতজ্ঞ থাকা উচিত।

ইরানের সঙ্গে সমঝোতার ঘোষণা দেওয়ার পর নিউইয়র্ক টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন।

নেতানিয়াহুর সমালোচনা করে ট্রাম্প বলেন, লেবাননে ইসরাইলের সাম্প্রতিক হামলা চূড়ান্ত চুক্তি প্রায় ভেস্তে দিতে বসেছিল। তিনি নেতানিয়াহুকে "খুবই কঠিন ব্যক্তি" বলেও উল্লেখ করেন।

তিনি আরও বলেন, ইরানের যদি পারমাণবিক অস্ত্র থাকত, তাহলে ইসরাইল টিকে থাকা প্রায় অসম্ভব হয়ে যেত। বাস্তব পরিস্থিতির চাপেই তেহরান আলোচনায় বসতে বাধ্য হয়েছে।

ট্রাম্প সতর্ক করে বলেন, চূড়ান্ত সমঝোতা না হলে যুক্তরাষ্ট্র আবারও ইরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ নিতে পারে। নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের সামরিক চাপ ও হামলার কারণেই ইরান আলোচনায় আসতে বাধ্য হয়েছে বলে ট্রাম্প দাবি করেন।